

ইউক্রেনে ২০১৭-র মার্চ থেকে অক্টোবর পর্যন্ত ভারত উৎসবের আয়োজন করা হচ্ছে

নয়াদিল্লি, ১৭ মার্চ, ২০১৭

ইউক্রেনে ২০১৭-র মার্চ থেকে অক্টোবর পর্যন্ত ভারত উৎসবের আয়োজন করা হচ্ছে। এই উৎসবে বৈচিত্রময় ভারতীয় সংস্কৃতি প্রদর্শন করা হবে, এর মধ্যে রয়েছে ধ্রুপদী ও লোকনৃত্য, সংগীত, রংগোলি প্রদর্শনী, আম ও চলচ্চিত্র উৎসব, ইউক্রেনের বিভিন্ন শহর যেমন কিয়েভ, ওডেসা, মাইকোলেইভ, খেরসন, ইভানো ফ্র্যাঙ্কিভস্ক, পোলতাভা ও তেরনোপিল-এ যোগা বিষয়ক আলোচনাচক্র এবং চিত্রন ও ফ্যাশন সপ্তাহ। নিম্নলিখিত অনুষ্ঠানগুলি প্রদর্শন করা হবে।

১. কথক নৃত্য গোষ্ঠী - বিধা লাল গ্রুপ - ২০১৭-র ৮ থেকে ১৪ মার্চ
২. পশ্চিমাঞ্চল সাংস্কৃতিক কেন্দ্র আয়োজিত লোকনৃত্য - ২০১৭-র ২১ থেকে ২৭ জুন
৩. আয়ুশ মন্ত্রকের মাধ্যমে যোগা আলোচনাচক্র - ২০১৭-র জুন মাসে
৪. এ পি ই ডি এ-র মাধ্যমে আম উৎসব - ২০১৭-র জুন মাসে
৫. রংগোলি প্রদর্শনী - রিতু কৌশিক গ্রুপ - ২০১৭-র ১৫ থেকে ১৯ মার্চ
৬. তথ্য ও সম্প্রচার মন্ত্রকের মাধ্যমে ভারতীয় চলচ্চিত্র ও তথ্যচিত্র - ২০১৭-র সেপ্টেম্বর/অক্টোবর মাসে
৭. বস্ত্র মন্ত্রকের মাধ্যমে ইউক্রেনের ফ্যাশন সপ্তাহে ভারতীয় শিল্পীদের অংশগ্রহণ - ২০১৭-র সেপ্টেম্বর/অক্টোবর মাসে
৮. চিত্রন আলোচনাচক্র - ইন্ডিয়ান কাউন্সিল অব ওয়ার্ল্ড অ্যাকাডেমিস - ২০১৭-র সেপ্টেম্বর/অক্টোবর মাসে
৯. ধ্রুপদী সংগীত বৃন্দবাদন - পন্ডিত কেশব কান্তি চৌধুরি - ২০১৭-র ১৯ থেকে ২৩ অক্টোবর।